রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১০, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

নব নিয়োগ শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১০ই সেপ্টেম্বর, ১৯৯০/২৫শে ভাদ্র, ১৩৯৭

এস, আর, ও, নং ৩২৩-আইন/৯০/সম/ননি/১-৫/৮৮(অংশ-১)—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ এর অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) এর অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **শিরনামা।**—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ) নিয়োগ বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) 'কমিশন' অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) 'ক্যাডেট' অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ) ক্যাডারভুক্ত সহকারী পুলিশ সুপার পদে বি, এম, এ, এবং পুলিশ একাডেমী, সারদায় প্রশিক্ষণরত শিক্ষানবিস;

(গ) 'পদ' অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ) ক্যাডারভুক্ত সহকারী পুলিশ সুপারের পদ;

(ঘ) 'প্রার্থী' অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ) ক্যাডারভুক্ত সহকারী পুলিশ সুপার পদে নিয়োগ লাভের জন্য আবেদনপত্র জমা দানকারী ব্যক্তি;



মূল্যঃ ৩০ পয়সা

(ঙ) 'বি, এম, এ,' অর্থ বাংলাদেশ মিলিটারী একাডেমী;

(চ) 'শিক্ষানবিস' অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ) ক্যাডারভুক্ত সহকারী পুলিশ সুপার পদে নিয়োজিত শিক্ষানবিস।

৩। **বিধিমালার প্রাধান্য।**—Bangladesh Civil Service Recruitment Rules, 1981 Bangladesh Civil Service (Age, Qualification and Examination for Direct Recruitment) Rules, 1982 এবং Bangladesh Civil Service Seniority Rules, 1983 তে যাহাই থাকুক না কেন এই বিধিমালা কার্যকর থাকিবে।

৪। **প্রার্থী হওয়ার যোগ্যতা।**—(১) পদে নিয়োগ প্রার্থীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথাঃ—

(ক) তাহাকে একজন অবিবাহিত পুরুষ হইতে হইবে;

(খ) তাঁহার শারীরিক যোগ্যতা হইতে হইবে নিম্নরূপ, যথাঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| উচ্চতা | .. | ন্যূনতম | .. | ৫′—৫″ |
| বুক | .. | ন্যূনতম | .. | ৩২″—৩৪″ |
| ওজন | .. | ন্যূনতম | .. | ৪৫ কেজি। |

(২) পদে নিয়োগ প্রার্থীকে কমিশনের নিকট আবেদনপত্র দাখিল করার সময় উপ-বিধি (১) (খ) তে উল্লেখিত শারীরিক যোগ্যতা আছে এই মর্মে কোন সরকারী ডাক্তারের নিকট হইতে একটি সনদপত্র আবেদন পত্রের সহিত দাখিল করিতে হইবে, অন্যথায় তাঁহার আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৫। **মৌখিক ও মনস্তাত্বিক মৌখিক পরীক্ষা।**—কমিশন প্রার্থীগণের মৌখিক ও মনস্তাত্বিক পরীক্ষা গ্রহণ করিতে পারিবে এবং কমিশন উক্ত পরীক্ষা পরিচালনার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় বা পুলিশ সদর দপ্তর হইতে উচ্চ পর্যায়ের এক বা একাধিক বিভাগীয় প্রতিনিধিকে আহ্বান করিতে পারিবে।

৬। **ডাক্তারী পরীক্ষা।**—ডাক্তারী পরীক্ষার জন্য কৃতকার্য প্রার্থীকে সরকার কর্তৃক নিযুক্ত মেডিকেল বোর্ডের নিকট উপস্থিত হইতে হইবে এবং তদুদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক, পুলিশ সদর দপ্তরের সহিত যোগাযোগক্রমে, রাজারবাগ পুলিশ হাসপাতালের তত্ত্বাবধায়ক বা অন্য যে কোন একজন ডাক্তারকে মেডিকেল বোর্ডের অন্তর্ভুক্ত করিবেন।

৭। **প্রার্থী মনোনয়ন।**—কমিশন মনোনীত প্রার্থীদের নাম সংস্থাপন মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন।

৮। **শিক্ষানবিস সহকারী পুলিশ সুপার নিয়োগ।**—(১) কমিশন কর্তৃক মনোনীত প্রার্থীগণ শিক্ষানবিস সহকারী সুপার হিসাবে নিয়োজিত হওয়ার পর বি, এম, এ তে ছয় মাস প্রশিক্ষণে থাকিবেন এবং সফলতার সহিত এই প্রশিক্ষণ সমাপ্ত করিতে পারিলে পরবর্তীতে পুলিশ একাডেমী, সারদায় নয় মাস প্রশিক্ষণে থাকিবেন এবং প্রশিক্ষণে থাকাকালীন সময়ে তাঁহারা ক্যাডেট সহকারী পুলিশ সুপার হিসাবে গণ্য হইবেন, তবে এই সময় তাঁহারা র‍্যাংক পরিধান করিতে পারিবেন না।

(২) সফলতার সহিত উক্ত পনর মাস প্রশিক্ষণ সমাপনের পর উক্ত শিক্ষানবিসগণকে পুলিশ সদর দপ্তর কর্তৃক অনুষ্ঠিত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে এবং উত্তীর্ণ শিক্ষানবিসগণ নয় মাসের বাস্তব প্রশিক্ষণের জন্য জেলায় বদলী হইবেন এবং এই সময় তাঁহারা র‍্যাংক পরিধান করিতে পারিবেন।

(৩) শিক্ষানবিসিকালে কোন ক্যাডেট সহকারী পুলিশ সুপার বিবাহ বন্ধনে আবদ্ধ হইতে পারিবে না।

৯। **শিক্ষানবিসের চাকুরীচ্যুতি।**—প্রশিক্ষণকালীন সময়ে বা চূড়ান্ত প্রশিক্ষণ শেষে কোন শিক্ষানবিস চূড়ান্ত নিয়োগের জন্য অযোগ্য বিবেচিত হইলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কমিশনের সহিত কোনরূপ পরামর্শ ব্যতীত, তাঁহাকে চাকুরীচ্যুত করিতে পারিবে।

১০। **সাময়িকভাবে অযোগ্য শিক্ষানবিস।**—কোন শিক্ষানবিস চূড়ান্ত প্রশিক্ষণ শেষে সাময়িকভাবে অযোগ্য বিবেচিত হইলে পরবর্তী ব্যাচের শিক্ষানবিসগণের সহিত তাহার প্রশিক্ষণ দানের ব্যবস্থা করা যাইতে পারে এবং সেই ক্ষেত্রে তিনি তাঁহার নিজ ব্যাচের মনোনীত প্রার্থীদের মধ্যে সর্বশেষ সর্বকনিষ্ঠ প্রার্থী বলিয়া গণ্য হইবেন এবং তাঁহার জ্যেষ্ঠত্বও তদনুসারে নির্ধারিত হইবে।

১১। বিধি ৮ এ উল্লেখিত চব্বিশ মাস প্রশিক্ষণ সফলতার সহিত সমাপনের পর শিক্ষানবিসগণ সহকারী পুলিশ সুপার পদে চূড়ান্তভাবে নিযুক্ত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে, এম, রব্বানী
সচিব।

---

প্রজ্ঞাপন

ঢাকা, ১০ই সেপ্টেম্বর, ১৯৯০/২৫শে ভাদ্র, ১৩৯৭

এস, আর, ও, নং ৩২৪-আইন/৯০/সম/ননি/১-৫/৮৪(অংশ-১)—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ এর অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) এর অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, Bangladesh Civil Service (Age, Qualification and Examination for Direct Recruitment) Rules, 1982তে নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথাঃ—

উপরি-উক্ত Rules এর rule 18C এর পর নিম্নরূপ rule 18D সন্নিবেশিত হইবে, যথাঃ—

"18D. **Recruitment to meet urgent situation.**—Notwithstanding anything contained in these rules or in any other rules for the time being in force, the Government may, in order to meet an urgent situation, make a one-time recruitment to the entry level posts of the Bangladesh Civil

Service (Police), by holding examination and tests and by assessment as mentioned below :—

(1) Written examination on the subjects :—

(a) General Bengali, 200 Marks.

(b) General English, and

(c) General Knowledge covering—

(i) Bangladesh affairs,

(ii) International affairs,

(iii) Elementary mathematics and everyday science.

(2) Psychological tests........................... Pass or fail

(3) Viva-Voce tests .. 200 Marks

(4) Academic attainments .. 600 Marks

Total .. 1000 Marks."

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে, এম, রব্বানী

সচিব।

মোঃ শিশিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।